

2021/TDC(CBCS)/EVEN/SEM/
BNGDSE-601T/008

TDC (CBCS) Even Semester Exam.,
September—2021

BENGALI

(6th Semester)

Course No. : BNGDSE-601T

(স্বাধীনতা পরবর্তী বাংলা কথাসাহিত্য)

পূর্ণমান : ৭০

উত্তীর্ণমান : ২৮

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্ত সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো কুড়িটি) : $1 \times 20 = 20$

১। 'শাস্ত্র' উপন্যাসটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়?

২। 'শাস্ত্র' কী জাতীয় উপন্যাস?

৩। শাস্ত্র-র স্ত্রীর নাম কী?

৪। কার অভিশাপে শাস্ত্র কুষ্ঠরোগে আক্রান্ত হয়েছিল?

- ৫। গ্রহরাজের বিগ্রহের পূজা করার একমাত্র অধিকারী কারা ?
- ৬। গ্রহরাজের মন্দির প্রতিষ্ঠা করার জন্য শাস্ত্র কাদের নিয়ে এসেছিলেন ?
- ৭। 'মিত্রবন' কোথায় অবস্থিত ?
- ৮। উপন্যাসের শেষে মহর্ষি নারদ গ্রহরাজকে কী নামে সম্বোধন করেছিলেন ?
- ৯। 'এপার গঙ্গা ওপার গঙ্গা' উপন্যাসটি লেখিকা কাকে উৎসর্গ করেছেন ?
- ১০। 'এপার গঙ্গা ওপার গঙ্গা' উপন্যাসটি কোন্ পটভূমিকায় লেখা ?
- ১১। 'এপার গঙ্গা ওপার গঙ্গা' উপন্যাসটি কত সালে প্রথম গ্রন্থাকারে প্রকাশিত হয়েছিল ?
- ১২। সুতারার বাবার নাম কী ?
- ১৩। সুতারা কোন্ কলেজে অধ্যাপনা করতেন ?
- ১৪। সুতারা কোন্ বিষয়ে এম. এ. পাশ করেছিলেন ?
- ১৫। কৌশল্যাবতী কে ?
- ১৬। "ও ছুঁড়ির ইহকাল পরকাল গেছে। ওর কপালে দুঃখ লেখাই রয়েছে।" এখানে কার কথা বলা হয়েছে ?

- ১৭। “অসভ্যতা তাকে দেখলেই তাড়া করত।” ‘অসভ্যতা’ কে?
- ১৮। বুধনী কোন্ পার্বত্য অঞ্চলে বাস করত?
- ১৯। “কবিরাজরা প্রশংসায় পঞ্চমুখ।” কবিরাজরা কার প্রশংসায় পঞ্চমুখ?
- ২০। ‘নিমগাছ’ গল্পে নিমগাছের শেকড়ের সাথে কার তুলনা করা হয়েছে?
- ২১। ‘তাজমহল’ গল্পে বৃদ্ধ মুসলমানের নাম কী?
- ২২। বৃদ্ধ মুসলমানের বেগম কী রোগে আক্রান্ত হয়েছিল?
- ২৩। ‘ক্যানভাসার’ গল্পে ক্যানভাসারের নাম কী?
- ২৪। কাত্যায়নীর বহুকাল থেকে কী কেনার সখ ছিল?
- ২৫। ‘বীতংস’ শব্দের অর্থ কী?
- ২৬। ‘বীতংস’ গল্পে মোড়ল বরু সাঁওতালের মেয়ের নাম কী ছিল?
- ২৭। ‘হাড়’ গল্পে রায়বাহাদুরের নাম কী?

- ২৮। রায়বাহাদুর 'রোডেশিয়ান' হাড়টি কোথা থেকে কিনেছিলেন ?
- ২৯। 'দুঃশাসন' গল্পটি কোন্ পটভূমিকায় লেখা ?
- ৩০। দেবীদাসের ভাইপোর নাম কী ?
- ৩১। 'পুঙ্করা' গল্পে তর্করত্ন কোন্ তিথিতে কালীপূজায় বসেছিলেন ?
- ৩২। তর্করত্ন কালীপূজা করে কত টাকা দক্ষিণা পেয়েছিলেন ?
- ৩৩। 'রস' গল্পটির লেখক কে ?
- ৩৪। মোতালেফকে খেজুর গাছ থেকে রস নামাবার বিদ্যা কে শিখিয়েছিল ?
- ৩৫। 'পালঙ্ক' গল্পে পালঙ্কের প্রকৃত মালিক কে ?
- ৩৬। রাজমোহনবাবুর পুত্রবধূর নাম কী ?
- ৩৭। নরেন্দ্রনাথ মিত্রের 'মহাশ্বেতা' গল্পটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল ?
- ৩৮। ভালোবেসে চিন্মোহন অমিতার কী নাম দিয়েছিল ?
- ৩৯। নরেন্দ্রনাথ মিত্রের 'অভিনেত্রী' গল্পটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়েছিল ?
- ৪০। 'অভিনেত্রী' গল্পের কথক, নতুন চলচ্চিত্র পরিচালকের নাম কী ?

SECTION—B

সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) :

২×৫=১০

- ৪১। শাস্ত্র-র পিতা-মাতার নাম কী ?
- ৪২। “ওহে প্রাণ, তোমাকে যা দিয়েছি, তা খাও। আমার এখনো কিছু রাখা আছে; সকালে তাই খাবো।” বক্তা কে? ‘ওহে প্রাণ’ বলে এখানে কাকে সম্বোধন করা হয়েছে?
- ৪৩। ‘এপার গঙ্গা ওপার গঙ্গা’ উপন্যাসটি প্রথমে কোন্ পত্রিকায়, কী নামে প্রকাশিত হয়েছিল?
- ৪৪। ‘এপার গঙ্গা ওপার গঙ্গা’ উপন্যাসে মোট কয়টি পর্ব রয়েছে? সেগুলি কী কী ?
- ৪৫। বুধনীর স্বামীর নাম কী? কোন্ অপরাধে তার ফাঁসির সাজা হয়েছিল?
- ৪৬। “যার হাঁই তুলতে চোয়ালে খিল ধরে তার আবার বন্দুক ঘাড়ে করতে যাওয়া কেন?” উক্তিটি কে, কাকে উদ্দেশ্য করে করেছে?
- ৪৭। “হাঁ হাঁ, নাচ চলুক। ভালো করে নাচ দেখিয়ে দে বাবা-ঠাকুরকে।” বক্তা কে? এখানে ‘বাবাঠাকুর’ বলতে কাকে বোঝানো হয়েছে?
- ৪৮। ‘দুঃশাসন’ গল্পে কে যাত্রাপালার আয়োজন করেছিল? যাত্রাপালার অভিনীত পালার নাম কী ছিল?

৪৯। “ও সুন্দর মিঞা, রাগ করলানি, শোন শোন।” উক্তিটি কার?
এখানে সুন্দর মিঞা কে?

৫০। ‘মহাশ্বেতা’ গল্পে চিন্মোহনের বোন আর বৌদির নাম কী?

SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :

৮×৫=৪০

৫১। “ ‘শাস্ত্র’ উপন্যাসটি সমাজ এবং মানুষকে কঠিন সংগ্রামের দ্বারা সাফল্যে উত্তরণের পথ দেখিয়েছে। অবসাদগ্রস্ত মানুষের মানসিক জোর তৈরি করার পথ দেখিয়েছে।” সমালোচকের এই মন্তব্য যথার্থ কিনা সংক্ষেপে আলোচনা করো।

৫২। ‘শাস্ত্র’ উপন্যাসের নীলাক্ষী চরিত্রটি সংক্ষেপে আলোচনা করো।

৫৩। “ ‘এপার গঙ্গা ওপার গঙ্গা’ উপন্যাসে সুতারা প্রান্তিকায়িত নারীবর্গের প্রতিনিধি। সুতারার মধ্যে মিশে গেছে পরিবার-সমাজ-সম্প্রদায় নির্ধারিত সর্বযুগের সর্বকালের নারীর লাঞ্ছনা।” সংক্ষেপে আলোচনা করো।

৫৪। ‘এপার গঙ্গা ওপার গঙ্গা’ উপন্যাসের নামকরণের সার্থকতা আলোচনা করো।

৫৫। ‘বীতংস’ গল্পে আসামের চা বাগানে আড়কাটির মাধ্যমে শ্রমিক পাচারের যে করুণ ইতিহাসের চিত্র বর্ণিত হয়েছে তা সংক্ষেপে আলোচনা করো।

- ৫৬। 'ক্যানভাসার' গল্পে বনফুলের সূক্ষ্ম রসবোধ, সুতীব্র শ্লেষ ও সহানুভূতির অপূর্ব প্রকাশ ঘটেছে। গল্পটি বিশ্লেষণ করে মন্তব্যটির যথার্থ্য বিচার করো।
- ৫৭। 'তাজমহল' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।
- ৫৮। 'মহাশ্বেতা' গল্পের অমিতা চরিত্রটি বিশ্লেষণ করো।
- ৫৯। 'পালঙ্ক' গল্পে দেশভাগ-পরবর্তী সময়ের যে চিত্র ফুটে উঠেছে তা সংক্ষেপে আলোচনা করো।
- ৬০। "দ্বিতীয় বিশ্বযুদ্ধকালে বাংলার সাধারণ মানুষ বহু সংকটের মুখোমুখি এসে দাঁড়িয়েছিল। এমনই এক সংকটের স্বরূপ উন্মোচিত করা হয়েছে 'দুঃশাসন' গল্পে।" আলোচনা করো।
